# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-৩৩/২০১৮/১৫৪০২ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

সৎপুর কামিল মাদরাসা, ডাকঘর: সৎপুর মাদরাসা, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট-এর ফাজিল স্নাতক (অনার্স) আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৩-০৯-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (অনার্স) আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ নিম্নবর্ণিত শর্তে **১২-১১-২০২৫ থেকে ১১-১১-২০২৯** তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার ছাত্রাবাসের আসন সংখ্যা বৃদ্ধি করত: অভ্যন্তরীণ শিক্ষকগণের জন্য বছরে ০৩ (তিন) টি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের জন্য সভা, সেমিনার এবং শিক্ষামূলক বিষয়ের উপর প্রতিযোগিতার আয়োজন করতে হবে;

২. নূরানী শাখা চালুকরণসহ শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং গভর্নিং বডি কর্তৃক একাডেমিক, প্রশাসনিক, আর্থিক, বাজেট ও পরীক্ষা কমিটি গঠন করতে হবে;

৩. এবতেদায়ী শিশু শ্রেণি থেকে ০৫ শ্রেণির ক্লাশরুমগুলো দেয়ালে অংকন করার (জাতীয় ফুল, ফল, পশু-পাখি, স্বরণীয় ব্যক্তিত্ব, দর্শনীয় স্থান, শিক্ষামূলক বাণী এবং ইসলামিক ক্যালিগ্রাফি) মাধ্যমে সৌন্দর্য বর্ধন করতে হবে;

৪. অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের স্বতন্ত্র ফাইল (ব্যক্তিগত) সংরক্ষণ করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;

৫. সকল বিল ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল থাকতে হবে এবং সকল প্রকার ক্রয়ের পূর্বে বাজেট প্রাক্কলন করে সভাপতির স্বাক্ষরসহ ক্রয় কার্য সম্পাদন করতে হবে;

৬. সকল মালামাল ক্রয়ের পর তা স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করার পাশাপাশি কলামনার ক্যাশবই সঠিকভাবে সংরক্ষণ করতে হবে এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার্থে একক স্বাক্ষরে কোনো ক্রয় করা যাবে না;

৭. সরকারি আর্থিক বিধি-বিধান অনুযায়ী মাদরাসার যাবতীয় ক্রয়/সেবা কার্যক্রম পরিচালনা করতে হবে;

৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

১০. প্রত্যেক শ্রেণিতে সুনির্দিষ্ট ক্লাস রুটিনের ব্যবস্থাগ্রহণ ও ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়ানোর পাশাপাশি ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, ইউনিফরমসহ ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সকল ক্লাসের সন্তোষজনক ফলাফল করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;

১১. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

১২. মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্থকরণের চর্চা চালু করতে হবে এবং বিভিন্ন পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে এ ব্যাপারে উৎসাহিত করতে হবে;

১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৯/১১/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, সৎপুর কামিল মাদরাসা
ডাকঘর: সৎপুর মাদরাসা, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-৩৩/২০১৮/১৫৪০২ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, সৎপুর কামিল মাদরাসা, ডাকঘর: সৎপুর মাদরাসা, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট।
৭. অফিস নথি।

১৯.১১.২০২৫

(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯ ৮৬৮৬৬৩